বাউবি

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
# Bangladesh Open University

গাজীপুর-১৭০৫

BOU

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-৩/২৩৮৭ তারিখ : ১২-০৫-২০১৯

## কর্মকর্তা পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মকর্তার শূন্য পদসমূহে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত জাতীয় বেতনস্কেলে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রম | পদের নাম, বিভাগ ও বেতনস্কেল | পদের সংখ্যা | ক্রম | পদের নাম, বিভাগ ও বেতনস্কেল | পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | আঞ্চলিক পরিচালক<br>স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ<br>টাকা ৫০০০০-৭১২০০ (গ্রেড-৪) | ০৪টি | ২ | উপ-গ্রন্থাগারিক<br>লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ<br>টাকা ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | ০১টি |
| ৩ | উপ-পরিচালক (মনিটরিং)<br>পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ<br>টাকা ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | ০১টি | ৪ | উপ-পরিচালক (এস্টেট)<br>ইঞ্জিনিয়ারিং এস্টেট বিভাগ<br>টাকা ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | ০১টি |
| ৫ | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক<br>পরীক্ষা বিভাগ<br>টাকা ২৯০০০-৬৩৪১০ (গ্রেড-৭) | ০১টি | ৬ | কো-অর্ডিনেটিং অফিসার<br>স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ<br>টাকা ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০১টি |
| ৭ | প্রশাসনিক কর্মকর্তা (লিগ্যাল)<br>প্রশাসন বিভাগ<br>টাকা ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০১টি | | | |

### ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)

| ক্রম | পদের নাম, বিভাগ ও বেতনস্কেল | পদের সংখ্যা | ক্রম | পদের নাম, বিভাগ ও বেতনস্কেল | পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | পরিচালক (আইকিউএসি)<br>টাকা ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) | ০১টি | ২ | যুগ্ম-পরিচালক<br>টাকা ৫০০০০-৭১২০০ (গ্রেড-৪) | ০৩টি |
| ৩ | প্রশাসনিক কর্মকর্তা<br>টাকা ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০১টি | ৪ | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>টাকা ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০১টি |

প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের প্রার্থিত পদে নিয়োগের জন্য তিন পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে: (১) ইংরেজি ও বাংলায় যোগাযোগ নৈপুণ্য যাচাই-এর লক্ষ্যে লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (২) ওয়ার্ড প্রসেসিংসহ মাইক্রোসফট অফিস পরিচালনা এবং ইন্টারনেটের ব্যবহারে সাবলীলতা যাচাই-এর জন্য কম্পিউটার ও আইসিটি টেস্ট/প্রাকটিক্যাল টেস্ট এবং প্রাগুক্ত উভয় পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (৩) মৌখিক পরীক্ষা। কম্পিউটার চালনায় অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নাই। **আবেদনের শেষ তারিখ: ১৩-০৬-২০১৯**। বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (**www.bou.edu.bd**) দেখুন।

রেজিস্ট্রার<br>
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>
গাজীপুর

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-৩/২৩৮৭ তারিখ ঃ ১২-০৫-২০১৯

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মকর্তা নিয়োগের জন্য সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী (সংশোধিত) ঃ

| ক্রম | পদের নাম ও বিভাগ | পদের সংখ্যা | বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | আঞ্চলিক পরিচালক<br>স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ | ০৪টি | ৫০০০০-৭১২০০<br>(গ্রেড-৪) | অনূর্ধ্ব ৪৫ বছর | **প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা**<br>ক. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫-এর মানে)/২য় বিভাগ; অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০।<br>খ. অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ৩ বছর মেয়াদী স্নাতক/স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ অথবা ৪ বছর মেয়াদী স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ (৪-এর মানে)।<br>**অভিজ্ঞতা**<br>কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় বা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ন্যূনতম ৪৩০০০-৬৯৮৫০ জাতীয় বেতনক্রমে (জাতীয় বেতনস্কেল অনুসারে) উপ-পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/ সমমানের পদে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের অভিজ্ঞতাসহ সর্বমোট বার বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উন্মুক্ত ও দূরশিক্ষণ প্রতিষ্ঠানের আঞ্চলিক কেন্দ্র/ উপ-আঞ্চলিক কেন্দ্রে বা শাখায়/অফিসে প্রত্যক্ষভাবে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীর কম্পিউটার লিটারেসি এবং ইংরেজি ও বাংলায় উত্তম জ্ঞান থাকা অপরিহার্য।<br>প্রার্থীর অবশ্যই ফিল্ড ম্যানেজমেন্টে অভিজ্ঞতা (অর্থাৎ আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে বা শাখায়/ অফিসে কাজ করার অভিজ্ঞতা) এবং একাডেমিক কার্যক্রম পরিচালনা, একাডেমিক প্রোগ্রাম মূল্যায়ন ও স্থানীয় কমিউনিটির সাথে যোগাযোগের বাস্তব অভিজ্ঞতা থাকা আবশ্যক। প্রার্থীকে আন্তঃব্যক্তিক যোগাযোগে দক্ষ হতে হবে, স্থানীয় কমিউনিটির সাথে সুসম্পর্ক স্থাপন ও উদ্বুদ্ধকরণের কৌশল জানতে হবে। আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে দক্ষতা ও সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন এমন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। যাদের উন্মুক্ত ও দূরশিক্ষণ প্রতিষ্ঠানের অঞ্চলভিত্তিক কেন্দ্র বা অফিসে কাজ করার অভিজ্ঞতা ও দেশের প্রত্যন্ত অঞ্চলে কাজ করার মানসিকতা নেই, তাদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ২. | উপ-গ্রন্থাগারিক<br>লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ | ০১টি | ৪৩০০০-৬৯৮৫০<br>(গ্রেড-৫) | অনূর্ধ্ব ৪৫ বছর | **প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা**<br>ক. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫-এর মানে)/২য় বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০।<br>খ. গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক (৪ বছর মেয়াদী) ও স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০।<br>গ. পেশাগত উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমাপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট বিষয়ে দেশে-বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ. উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>**অভিজ্ঞতা**<br>কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় বা সরকারি কলেজ বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জাতীয় বেতনস্কেলে ৭ম গ্রেডে সহকারী গ্রন্থাগারিক/সমমানের পদে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ দেশে ও বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার এবং চলমান তথ্যাদি সম্পর্কে সম্যক ধারণাসহ বিভিন্ন পাঠ্য উপকরণ, বই-পুস্তক, সাময়িকী, তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতিসহ আনুষাঙ্গিক কাজে সর্বমোট ০৮(আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার লিটারেসি এবং ইংরেজি ও বাংলায় উত্তম জ্ঞান থাকা অপরিহার্য। |
| ৩. | উপ-পরিচালক (মনিটরিং)<br>পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ | ০১টি | ৪৩০০০-৬৯৮৫০<br>(গ্রেড-৫) | অনূর্ধ্ব ৪৫ বছর | **প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা**<br>ক. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫-এর মানে)/২য় বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০।<br>খ. অর্থনীতি/বাণিজ্য/ব্যবসায় প্রশাসনে স্নাতক (পাস বা ৩ বছর মেয়াদী সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ অথবা স্নাতক (৪ বছর মেয়াদী) ও স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ (৪-এর মানে)।<br>গ. উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।<br>**অভিজ্ঞতা**<br>কোন বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে টাকা ২৯০০০-৬৩৪১০ জাতীয় বেতনক্রমে (২০১৫-এর বেতনস্কেল অনুসারে) সহকারী পরিচালক অথবা সমমানের পদমর্যাদায় ০৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ আনুষাঙ্গিক কাজে সর্বমোট ০৮(আট) বছরের অভিজ্ঞতা। |

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
## Bangladesh Open University
গাজীপুর-১৭০৫

| ক্রম | পদের নাম ও বিভাগ | পদের সংখ্যা | বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ৪. | উপ-পরিচালক (এস্টেট)<br>ইঞ্জিনিয়ারিং এন্ড এস্টেট বিভাগ | ০১টি | ৪৩০০০-৬৯৮৫০<br>(গ্রেড-৫) | অনূর্ধ্ব ৪৫ বছর | **প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা**<br>ক. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ /২য় বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০।<br>খ. অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক (৪ বছর মেয়াদী) ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ (চার মাত্রার স্কেলে)।<br>গ. উচ্চতর ডিগ্রী ও সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>**অভিজ্ঞতা**<br>কোন বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/সুপ্রতিষ্ঠিত ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানে নির্বাহী প্রকৌশলী পদে টাকা ৩৫৫০০-৬৭০১০/- জাতীয় বেতনক্রমে (২০১৫-এর বেতন স্কেল অনুসারে) ০৫ (পাঁচ) বছরের পেশাগত অভিজ্ঞতাসহ বহুতল ভবন নির্মাণ/বৃহৎ প্রকল্পের পূর্তকাজ বাস্তবায়ন/দালানকোঠা, জমিজমা ও অন্যান্য স্থাবর-অস্থাবর সম্পত্তি ও মালামাল রক্ষণাবেক্ষণ এবং মনিটরিং সংক্রান্ত কাজে সর্বমোট ০৮ (আট) বছরের অভিজ্ঞতা। |
| ৫. | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক<br>পরীক্ষা বিভাগ | ০১টি | ২৯০০০-৬৩৪১০<br>(গ্রেড-৭) | অনূর্ধ্ব ৪০ বছর | **প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা**<br>ক. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫-এর মানে)/২য় বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০।<br>খ. অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ৩ বছর মেয়াদী স্নাতক/স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ৩.০ অথবা ৪ বছর মেয়াদী স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ (৪-এর মানে)।<br>**অভিজ্ঞতা**<br>ক. প্রার্থীর কম্পিউটার লিটারেসি এবং ইংরেজি ও বাংলায় উত্তম জ্ঞান থাকা অপরিহার্য। কম্পিউটারে এমএস অফিস চালনায় অভিজ্ঞতা ও দক্ষতা বিশেষভাবে বিবেচিত হবে।<br>খ. কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জাতীয় বেতনস্কেলের ৯ম গ্রেডে প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে বোর্ড অথবা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত কাজে কমপক্ষে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ৬. | কো-অর্ডিনেটিং অফিসার<br>স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ | ০১টি | ২২০০০-৫৩০৬০<br>(গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | **প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা**<br>ক. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫-এর মানে)/২য় বিভাগ; অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০।<br>খ. অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ৩ বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ অথবা ৪ বছর মেয়াদি স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ (৪-এর মানে)।<br>গ. সংশ্লিষ্ট বিষয়ে দেশে-বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৭. | প্রশাসনিক কর্মকর্তা (লিগ্যাল)<br>প্রশাসন বিভাগ | ০১টি | ২২০০০-৫৩০৬০<br>(গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | **প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা**<br>ক. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫-এর মানে)/২য় বিভাগ; অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০।<br>খ. অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০(৪-এর মানে) অথবা স্নাতক পাস প্রার্থীদের ক্ষেত্রে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ এল.এল.বি ডিগ্রীতে ন্যূনতম ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০। আইন পেশায় অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা**<br>ক) প্রার্থীর কম্পিউটার লিটারেসি এবং ইংরেজি ও বাংলায় উত্তম জ্ঞান থাকা অপরিহার্য। কম্পিউটারে এমএস অফিস চালনায় অভিজ্ঞ ও দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

গাজীপুর-১৭০৫

## ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)

| ক্রম | পদের নাম ও বিভাগ | পদের সংখ্যা | বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | পরিচালক<br>(আইকিউএসি) | ০১টি | ৫৬৫০০-৭৪৪০০<br>(গ্রেড-৩) | অনূর্ধ্ব ৫০ বছর | **শিক্ষাগত যোগ্যতা :**<br>ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০ (৫-এর স্কেলে) অথবা ১ম বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে ন্যূনতম ৩.৫ (৪-এর স্কেলে)।<br>খ) স্নাতক (৪ বছর মেয়াদী) ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে ন্যূনপক্ষে সিজিপিএ ৩.৫ (৪-এর স্কেলে) বা ৪.০ (৫-এর স্কেলে) অথবা লেটার গ্রেডিং পদ্ধতি প্রবর্তনের পূর্বে উত্তীর্ণ ডিগ্রীধারীদের ক্ষেত্রে যে-কোন একটিতে প্রথম শ্রেণি। তবে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য জিপিএ বা সিজিপিএ থাকতে পারবে না।<br>গ) পি এইচ ডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা :**<br>ক) অধ্যাপক পদে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) কোয়ালিটি অ্যাসুরেন্স কর্মকাণ্ড ব্যবস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>**শিক্ষাগত যোগ্যতা :**<br>ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫-এর মানে)/২য় বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০।<br>খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ৩ বছর মেয়াদী স্নাতক/স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ অথবা ৪ বছর মেয়াদী স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ (৪-এর মানে)।<br>গ) উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>**অভিজ্ঞতা :**<br>ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জাতীয় বেতনস্কেলে ৪র্থ গ্রেডে যুগ্ম পরিচালক/সমমানের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সর্বমোট ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উন্মুক্ত ও দূরশিক্ষণ প্রতিষ্ঠানে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীর কম্পিউটারে লিটারেসি এবং ইংরেজি ও বাংলায় উত্তম জ্ঞান থাকা অপরিহার্য।<br>খ) কোয়ালিটি অ্যাসুরেন্স কার্মকাণ্ড ব্যবস্থাপনায় অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ২. | যুগ্ম-পরিচালক | ০৩টি | ৫০০০০-৭১২০০<br>(গ্রেড-৪) | অনূর্ধ্ব ৪৫ বছর | **শিক্ষাগত যোগ্যতা**<br>ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০ (৫-এর স্কেলে) অথবা ১ম বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে ন্যূনতম ৩.৫ (৪-এর স্কেলে)।<br>খ) স্নাতক (৪ বছর মেয়াদী) ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে ন্যূনপক্ষে সিজিপিএ ৩.৫ (৪-এর স্কেলে) বা ৪.০ (৫-এর স্কেলে) অথবা লেটার গ্রেডিং পদ্ধতি প্রবর্তনের পূর্বে উত্তীর্ণ ডিগ্রীধারীদের ক্ষেত্রে যে-কোন একটিতে প্রথম শ্রেণি। তবে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতূল্য জিপিএ বা সিজিপিএ থাকতে পারবে না।<br>গ) উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>**অভিজ্ঞতা :**<br>ক) সহযোগী অধ্যাপক পদে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) কোয়ালিটি অ্যাসুরেন্স কার্মকাণ্ড ব্যবস্থাপনায় অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।<br>অথবা<br>**শিক্ষাগত যোগ্যতা :**<br>ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫-এর মানে)/২য় বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০।<br>খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ৩ বছর মেয়াদী স্নাতক/স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ অথবা ৪ বছর মেয়াদী স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ (৪-এর মানে)।<br>গ) উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>**অভিজ্ঞতা :**<br>ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনায় এবং একাডেমিক বিষয়ে জাতীয় বেতনস্কেলের ৫ম গ্রেডে উপ-পরিচালক/সমমানের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণির পদে সর্বমোট ১২ (বারো) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উন্মুক্ত ও দূরশিক্ষণ প্রতিষ্ঠানে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর কম্পিউটার লিটারেসি এবং ইংরেজি ও বাংলায় উত্তম জ্ঞান থাকা অপরিহার্য।<br>খ) কোয়ালিটি অ্যাসুরেন্স কার্মকাণ্ড ব্যবস্থাপনায় অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
# Bangladesh Open University
গাজীপুর-১৭০৫

| ক্রম | পদের নাম ও বিভাগ | পদের সংখ্যা | বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ৩. | প্রশাসনিক কর্মকর্তা | ০১টি | ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | **শিক্ষাগত যোগ্যতা :** ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫-এর মানে)/২য় বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০। খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ৩ বছর মেয়াদী স্নাতক/স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ অথবা ৪ বছর মেয়াদী স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ (৪-এর মানে)। **অভিজ্ঞতা :** ক) প্রার্থীর কম্পিউটার লিটারেসি এবং ইংরেজি ও বাংলায় উত্তম জ্ঞান থাকা অপরিহার্য। কম্পিউটারে এমএস অফিস চালনায় অভিজ্ঞ ও দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। খ) সেলফ অ্যাসেসমেন্ট ও কোয়ালিটি অ্যাসুরেন্স সম্পর্কিত কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪. | হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১টি | ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | **শিক্ষাগত যোগ্যতা :** ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫-এর মানে)/২য় বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে চার মাত্রার স্কেলে ন্যূনতম ৩.০। খ) বিকম (অনার্স) ও এমকম ডিগ্রীর উভয়টিতে উচ্চতর দ্বিতীয় শ্রেণি অথবা হিসাববিজ্ঞান/ফিন্যান্স/ব্যবস্থাপনায় স্নাতক (৪ বছর মেয়াদী) ও স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০ (চার মাত্রার স্কেলে)। চাটার্ড একাউন্টেন্সী বা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্সী কোর্স সম্পন্নকারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে এবং এরূপ প্রার্থীর ক্ষেত্রে সাবজেক্ট, বয়স ও অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য। **অভিজ্ঞতা :** ক) প্রার্থীর কম্পিউটার লিটারেসি এবং ইংরেজি ও বাংলায় উত্তম জ্ঞান থাকা অপরিহার্য। কম্পিউটারে এমএস এক্সেল চালনায় অভিজ্ঞ ও দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |

আবেদনের শর্তসমূহ

১। আবেদনপত্রের সঙ্গে সার্টিফিকেট, মার্কশীট/গ্রেডশীট, প্রশিক্ষণ (কম্পিউটার ও অন্যান্য প্রশিক্ষণ) ও অভিজ্ঞতার সনদপত্র, জন্ম-সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও পাসপোর্ট সাইজের ২ কপি ছবিসহ ১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবর প্রেরণ করতে হবে। উপরি-উক্ত কাগজপত্রের অনুলিপি ও প্রার্থীর ছবি সত্যায়ন করার প্রয়োজন নেই। সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০২(দুই) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

২। মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র-নৃগোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে প্রাপ্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবরে প্রার্থীত পদের জন্য **১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।**

৪। আবেদনকারীকে **নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত** নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, ইমেইল এড্রেস (যদি থাকে), জন্ম তারিখ, নির্ধারিত তারিখে বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, প্রাপ্ত শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ, পাসের সন, বোর্ড/বিশ্ববিদ্যালয়), চাকুরীর অভিজ্ঞতা (যথা: পদের নাম, চাকুরীকাল, নিয়োগকারী কর্তৃপক্ষের নাম-ঠিকানা) ইত্যাদি উল্লেখ করতে হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের ফরোয়ার্ডিং লেটার/অগ্রায়নসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র (প্রত্যয়ন করার প্রয়োজন নাই) সংযোজনপূর্বক **মোট ০২(দুই) সেট** আবেদনপত্র **"রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবর **১৩-০৬-২০১৯ তারিখের** মধ্যে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে প্রেরণ করতে হবে অথবা নিজ হাতে/প্রতিনিধির মাধ্যমে রেজিস্ট্রার অফিসে জমা দিতে হবে। রেজিস্ট্রার অফিসে আবেদনপত্র সরাসরি জমা দেয়া হলে প্রাপ্তি স্বীকারপত্র দেয়া হবে। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।

৬। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মরত (স্থায়ী/অস্থায়ী/অনিয়মিত) প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য। অভ্যন্তরীণ প্রার্থী যারা কমপক্ষে ১৫(পনের) বৎসর যাবত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে সক্রিয়ভাবে চাকরি করেছেন, তাদের ক্ষেত্রে সাবজেক্ট-এর বিষয় শিথিলযোগ্য। সকল প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (পাস) ডিগ্রী (দুই বা তিন বছর মেয়াদি) এবং স্নাতক (সম্মান) ডিগ্রী (তিন বা চার বছর মেয়াদি) বিবেচিত হবে।

৭। প্রার্থীকে তার প্রার্থীত পদের নাম খামের উপরে স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং কোটাভুক্ত প্রার্থীর ক্ষেত্রে খামের উপরে নির্দিষ্ট কোটার নামও লিখতে হবে।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের পোষ্য ও প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত কোটা অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধার কোটার প্রার্থীকে অবশ্যই পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র-এর অনুলিপি সংযোজন করতে হবে।

৯। ভুয়া তথ্য সম্বলিত/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র অথবা নির্ধারিত অংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তি ব্যতীত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে বা তাকে প্রার্থিত পদে নিয়োগ দিতে বাধ্য থাকবে না।

১১। রেজিস্ট্রার ও পরিচালক-এর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৫০ বৎসর, উপ-পরিচালক/সমমানের পদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪৫ বৎসর, সহকারী পরিচালক/সমমানের পদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪০ বৎসর এবং অন্যান্য প্রথম শ্রেণির পদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন ও যোগ্য প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

১২। সকল পদের জন্য দূরশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত অভিজ্ঞ প্রার্থী ও অভ্যন্তরীণ যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১৩। সকল প্রকার কর্মকর্তা পদের ক্ষেত্রে প্রার্থীর কম্পিউটার লিটারেসি (বিশেষ করে বাংলা ও ইংরেজিতে কম্পোজ করা), কম্পিউটার চালনা, সাবলিলভাবে ইন্টারনেট ব্যবহার (ই-মেইলে তথ্য আদান-প্রদানসহ) এর বাস্তব জ্ঞান ও পারদর্শিতা থাকতে হবে।

১৪। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন বিভাগ/স্কুলে কর্মরত প্রার্থীর অভিজ্ঞতা অন্য যে কোন পরবর্তী পদে নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের প্রয়োজনীয় অভিজ্ঞতা হিসেবে সমভাবে বিবেচিত হবে।

১৫। নিয়োগপ্রাপ্তদের বাসা/ফ্ল্যাটের প্রাপ্যতা সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত কোন কর্মকর্তা ক্যাম্পাসের বাইরে বসবাস করতে পারবেন না।

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
## Bangladesh Open University
গাজীপুর-১৭০৫

১৬। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের প্রার্থিত পদে নিয়োগের জন্য তিন পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হবেঃ (১) লিখিত পরীক্ষা (ভাষাগত ও যোগাযোগ দক্ষতাসহ প্রার্থীর সার্বিক ভাব প্রকাশের স্বরূপ নিরূপণ-এর জন্য), লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (২) কম্পিউটার লিটারেসি টেস্ট (মূলতঃ ইন্টারনেট ও মাইক্রোসফট অফিস স্যুট ব্যবহারের দক্ষতা নিরূপণের জন্য) এবং প্রাগুক্ত উভয় পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (৩) মৌখিক পরীক্ষা। যে কোন প্রকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

- ১৪-০৫-২০১৯ তারিখে **দৈনিক সমকাল** ও ১৫-০৫-২০১৯ তারিখে **দৈনিক প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার শর্তাবলী এবং আবেদন করার নিয়মাবলীসহ আবেদনপত্রের ফরম সরাসরি অথবা **www.bou.edu.bd** ওয়েবসাইট থেকে অথবা ১০(দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৪.৫''×১০'' খাম প্রেরণপূর্বক রেজিস্ট্রার-এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে। আবেদনকারীগণকে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে **জনতা ব্যাংক, বাউবি ক্যাম্পাস শাখা,** গাজীপুর বরাবর **'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়'**-এর অনুকূলে ইস্যুকৃত ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে গেঁথে দিতে হবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না।**
- দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে/তাঁকে প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।
- রেজিস্ট্রার বরাবর আবেদনপত্র ডাকযোগে **পৌঁছানোর শেষ তারিখ ১৩-০৬-২০১৯**। অসম্পূর্ণ এবং উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের Forwarding Letter সহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। **খামের উপর প্রার্থিত পদের নাম উল্লেখ করতে হবে।**
- উল্লেখ্য যে, কম্পিউটার চালনায় অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নাই। শর্ট লিস্টেড প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা, কম্পিউটার ও আইসিটি টেস্ট/প্রাকটিক্যাল টেস্ট ও সর্বশেষ মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে।

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর